

‘পৃথিবীর কোনও ফয়সালাতেই আমি কিছু ভাবি না’ -পৃষ্ঠা-৩

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

বর্ষ ৪ ঃ সংখ্যা-২৩ ঃ মেহেরপুর-বুধবার ৫ নভেম্বন ২০২৫ ইং ঃ ২০ কার্তিক ১৪৩২ বাংলা ঃ ১৩ জমা ,আউ ১৪৪৭ হিজরি ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা www.amadersurjodoy.com

সূর্যোদয় স্কুল অ্যান্ড কলেজ
স্বপ্ন অধ্যয়ন অধ্যবসায়
স্থাপিতঃ-২০১৮
গাংনী, মেহেরপুর





# গাংনীতে বিএনপির দুই গ্রুপের সংঘর্ষে আহত ১০

## অফিস ভাঙচুর, আগুন, এলাকায় উত্তেজনা

নিজস্ব প্রতিবেদক, গাংনী

মেহেরপুর-২ (গাংনী) আসনে বিএনপির মনোনয়নকে কেন্দ্র করে দু’পক্ষের মধ্যে ব্যাপক সংঘর্ষ, হামলা-পাল্টা হামলা ও অফিস ভাঙচুর ও অগ্নিসংযোগের ঘটনা ঘটেছে। গতকাল মঙ্গলবার (৪ নভেম্বর) সকাল ১১ টার দিকে গাংনী শহরে এ সংঘর্ষে উভয় পক্ষের অন্তত ১০ জন আহত হয়েছেন। পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে শহরজুড়ে বিপুল সংখ্যক পুলিশ ও আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী মোতায়েন করা হয়েছে।স্থানীয় সূত্র ও বিএনপির নেতা-কর্মীরা জানান, সকাল সাড়ে ১১টার দিকে মেহেরপুর-২ আসনের বিএনপি প্রার্থী আমজাদ হোসেন নেতাকর্মীদের সঙ্গে নিয়ে বাসস্ট্যান্ড এলাকায় যাচ্ছিলেন। এসময় মনোনয়ন বঞ্চিত জেলা বিএনপির সভাপতি জাভেদ মাসুদ মিল্টনপক্ষের নেতা-কর্মীরা তাদের ওপর হামলা চালায়। পরে আমজাদ হোসেন তার কার্যালয়ে অবস্থান নিলে মিল্টনপক্ষের কর্মীরা অফিসে ইটপাটকেল নিক্ষেপ করে ভাঙচুর চালায়। এতে অন্তত পাঁচজন আহত হন। হামলাকারীরা অফিসের সামনে থাকা কয়েকটি মোটরসাইকেলও ভাঙচুর করে। হামলার খবর ছড়িয়ে পড়লে উপজেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলুর নেতৃত্বে আমজাদ হোসেনপক্ষের নেতা-কর্মীরা মিছিল নিয়ে বাসস্ট্যান্ডে আসে। এসময় তারা জাভেদ মাসুদ মিল্টনের কার্যালয়ে হামলা চালিয়ে ভেতরের

২-এর পৃষ্ঠা দেখুন


## অনলাইন জুয়া চক্রের তিনজন গ্রেফতার সরকারের পদক্ষেপ জোরদার

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের মুজিবনগরে অনলাইন জুয়া পরিচালনার অভিযোগে তিনজনকে গ্রেফতার করেছে জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশ। সোমবার বিকেলে মুজিবনগর উপজেলার আটকবর এলাকা থেকে তাদের আটক করা হয়। গ্রেফতারকৃতরা হলেন দেলোয়ার হোসেন দিপু, মো. সুমন আলী ও সাকিবুল ইসলাম। এ সময় তাদের কাছ থেকে পাঁচটি মোবাইল ফোন, চারটি এটিএম কার্ড, দুটি পেনড্রাইভ এবং একটি প্রাইভেটকার জব্দ করা হয়েছে। মেহেরপুর পুলিশের প্রেস বিজ্ঞপ্তিতে জানা গেছে, প্রাথমিক জিজ্ঞাসাবাদে তারা স্বীকার করেছেন যে, দীর্ঘদিন ধরে গ্রামের মানুষকে অধিক লাভের প্রলোভন দেখিয়ে অনলাইনে জুয়া খেলানো হতো। দেলোয়ার হোসেন দিপুর বিরুদ্ধে একাধিক মামলা চলমান। সুমন আলীর বিরুদ্ধেও একটি মামলা বিচারাধীন। এ ঘটনায় সাইবার সুরক্ষা অধ্যাদেশে মামলা দায়েরের প্রক্রিয়া চলছে। সারা দেশের মতো অনলাইন জুয়া প্রতিরোধের অংশ হিসাবে এ ধরনের অভিযান অব্যাহত থাকবে। অন্যদিকে রাজধানীর আগারগাঁওয়ে “অনলাইন জুয়া প্রতিরোধে করণীয়” শীর্ষক সভায় ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের বিশেষ সহকারী ফয়েজ আহমদ তৈয়্যব জানান, ন্যায্যতা ও কমপ্লায়েন্সের ভিত্তিতে জুয়ায় জড়িত অ্যাকাউন্ট ব্লক করা হবে। ইতোমধ্যে বিটিআরসি বিভিন্ন অনলাইন প্ল্যাটফর্মে মেইল প্রেরণ শুরু করেছে। এছাড়া মিডিয়া হাউজ ও ডিজিটাল বিজ্ঞাপনের জন্য নির্দেশিকা তৈরি ও অনুমোদনের প্রক্রিয়া চলছে। তিনি আরও বলেন, প্রায় ৫ হাজার এমএফএস (মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস) হিসাব ইতোমধ্যে বন্ধ করা হয়েছে এবং একটি



২-এর পৃষ্ঠা দেখুন





## মেহেরপুরে নির্বাচনী সৌহার্দ্যের অনন্য দৃষ্টান্ত

### বিএনপি ও জামায়াত প্রার্থীর শুভেচ্ছা বিনিময় আলোচনায়

নিজস্ব প্রতিবেদক

আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন সামনে রেখে যখন প্রচারণা প্রতিযোগিতাপূর্ণ হয়ে উঠছে, ঠিক তখনই নির্বাচনী সৌহার্দ্যের দৃষ্টান্ত স্থাপন করেছেন মেহেরপুর-১ আসনের দুই প্রার্থী। বাংলাদেশ

২-এর পৃষ্ঠা দেখুন

## ‘ত্রয়োদশ জাতীয় নির্বাচন হয়তো আমার শেষ নির্বাচন’- মির্জা ফখরুল

সূর্যোদয় প্রতিবেদন

বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনই হতে পারে তাঁর জীবনের শেষ নির্বাচন। আজ মঙ্গলবার নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে দেওয়া এক স্ট্যাটাসে তিনি এ কথা বলেন। স্ট্যাটাসে মির্জা ফখরুল লেখেন, “মহান আল্লাহর রহমতে বিএনপি আমাকে ঠাকুরগাঁও-১ আসনে মনোনীত করেছে। আমি বেগম খালেদা জিয়া, তারেক রহমান এবং দলের সব নেতা-কর্মীকে ধন্যবাদ জানাই। যারা সারাজীবন রাজনীতি করেছেন, জেলে

২-এর পৃষ্ঠা দেখুন



## কেন্দ্রীয় মনোনয়ন প্রত্যাখ্যান করে গাংনীতে বিএনপির সংবাদ সম্মেলন

নিজস্ব প্রতিবেদক.গাংনী

কেন্দ্র ঘোষিত মনোনয়নকে প্রত্যাখ্যান করে মেহেরপুরের গাংনী উপজেলা ও পৌর বিএনপির নেতাকর্মীরা সংবাদ সম্মেলন করেছেন। মেহেরপুর-০২ আসনে বিএনপি’র মনোনয়ন জেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক আমজাদ হোসেনের মনোনয়ন পরিবর্তনের দাবি জানায় উপজেলা ও পৌর বিএনপি। গতকাল সোমবার (০৩ নভেম্বর)

২-এর পৃষ্ঠা দেখুন

## আরপিও চূড়ান্তের আগে দলগুলোর সঙ্গে আলোচনার দরকার ছিল: সাইফুল হক

সূর্যোদয় প্রতিবেদন

বিপ্লবী ওয়ার্কার্স পার্টির সাধারণ সম্পাদক সাইফুল হক বলেছেন, “আরপিও” চূড়ান্ত করার আগে রাজনৈতিক দলগুলোর সঙ্গে আলোচনা করা দরকার ছিল। দলগুলোর সঙ্গে সংলাপ হলে অনেক প্রশ্নের জবাব পাওয়া যেত, প্রয়োজনে সংশোধনের সুযোগও থাকত।” মঙ্গলবার রাজধানীর আগারগাঁওয়ে নির্বাচন ভবনে প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) এ এম এম নাসির উদ্দিনের সঙ্গে বৈঠক শেষে সাংবাদিকদের তিনি এ কথা বলেন। এ সময় তিনি সিইসিকে অবাধ ও গ্রহণযোগ্য নির্বাচনের

২-এর পৃষ্ঠা দেখুন



## ১০ মাসে কোরআন হিফজ করে ওমরাহ পালনের সুযোগ

নিজস্ব প্রতিবেদক . ঝিনাইদহ

ঝিনাইদহ শহরের আল কলম হিফজ মাদ্রাসার দুই শিক্ষার্থী মিয়া মোহাম্মদ মোস্তফা (১১) ও তানভীর মাহমুদ ইফাদ (১১) মাত্র ১০ ও ১৬ মাসে পবিত্র কোরআন হিফজ করে অনন্য কৃতিত্ব অর্জন করেছেন। এ অসাধারণ কৃতিত্বের স্বীকৃতি স্বরূপ মাদ্রাসার পক্ষ থেকে তাদের

২-এর পৃষ্ঠা দেখুন

## আজ সাংবাদিক সৈকত রুশদীর জন্মদিন

নিজস্ব প্রতিবেদক

গণমাধ্যম ও রাজনৈতিক বিশ্লেষক, সাংবাদিক সৈকত রুশদী’র জন্মদিন আজ। কানাডা প্রবাসী সৈকত রুশদী পেশাগত জীবনে একাধারে গণমাধ্যম ও রাজনৈতিক বিশ্লেষক, সাংবাদিক, সম্পাদক, লেখক, কবি এবং বেতার ও টেলিভিশন ভাষ্যকার। পুরস্কারপ্রাপ্ত এই সাংবাদিক বিবিসি ওয়ার্ল্ড সার্ভিস রেডিওর লন্ডনস্থ সদর দপ্তরে সম্প্রচারক হিসেবে কাজ করেছেন ১৯৮৩ থেকে ১৯৮৬ সাল পর্যন্ত। ১৯৫৯ সালের ৫ নভেম্বর মেহেরপুরে জন্মগ্রহণ করেন সৈকত রুশদী। প্রাথমিক শিক্ষা সমাপ্ত করে তিনি ঢাকার ইন্টারমিডিয়েট টেকনিক্যাল কলেজ (বর্তমান সরকারি বিজ্ঞান কলেজ) থেকে ১৯৭৪ সালে এসএসসি এবং আদমজী ক্যান্টনমেন্ট কলেজ থেকে ১৯৭৬ সালে এইচএসসি পাস করেন। এরপর ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান বিভাগ থেকে ১৯৮০ সালে সমাজবিজ্ঞানে সম্মানসহ স্নাতক ও ১৯৮১ সালে একই বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি অর্জন করেন।



২-এর পৃষ্ঠা দেখুন



## মুজিবনগরে দরিদ্র পরিবারের পাশে জামায়াত

### গণসংযোগ ও পথসভাও অনুষ্ঠিত

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের মুজিবনগর উপজেলার মোনাখালী ইউনিয়নের শিবপুর গ্রামে এক দরিদ্র পরিবারের পাশে দাঁড়িয়েছে বাংলাদেশ জামায়াতে ইসলামী। গতকাল মঙ্গলবার (৪ নভেম্বর) দুপুরে জেলা জামায়াতের সহযোগিতায় ইউনিয়ন জামায়াতের উদ্যোগে এসতেহার আলীর ছেলে আব্দুস সালামের বাড়িতে একটি টিউবওয়েল স্থাপন করে দেওয়া হয়। স্থানীয় সূত্রে জানা গেছে, দীর্ঘদিন ধরে ঐ পরিবারের খাবার পানির

২-এর পৃষ্ঠা দেখুন



## আমঝুপিতে ধানের শীষের পক্ষে পথসভা

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার আমঝুপিতে ধানের শীষের পক্ষে পথসভা অনুষ্ঠিত হয়েছে।গতকাল মঙ্গলবার (৪ নভেম্বর) বিকাল ৫টার দিকে আমঝুপি বাজারে এ পথসভা হয়। পথসভায় বক্তব্য রাখেন মেহেরপুর সদর উপজেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক ও আমঝুপি ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান সাইফুল ইসলাম। তিনি বলেন, “মাসুদ অরুনকে ধানের শীষের মনোনয়ন দেওয়ায় আমরা দলের প্রতি কৃতজ্ঞ। এই মনোনয়ন মেহেরপুরবাসীর আশা-আকাঙ্ক্ষার

২-এর পৃষ্ঠা দেখুন

## গণভোট নিয়ে উপদেষ্টাদের মধ্যে মতভিন্নতা

সূর্যোদয় প্রতিবেদন

জুলাই সনদের বাস্তবায়ন ও গণভোটের সময়সূচি নিয়ে রাজনৈতিক দলগুলোর বিরোধের মধ্যেই অন্তর্বর্তী সরকারের উপদেষ্টাদের মধ্যে মতভিন্নতা দেখা দিয়েছে। গত বৃহস্পতিবারের বৈঠকে অধিকাংশ উপদেষ্টা একই দিনে নির্বাচন ও গণভোট আয়োজনের পক্ষে থাকলেও, সোমবারের বৈঠকে কয়েকজন উপদেষ্টা নির্বাচনপূর্ব গণভোটের প্রস্তাব দেন। তিনজন উপদেষ্টা মত দিয়েছেন, নির্বাচন কমিশনের সক্ষমতা থাকলে জাতীয় নির্বাচনের আগে গণভোট করা যেতে পারে। তাদের

২-এর পৃষ্ঠা দেখুন

মেসার্স এ. আর. এন্টারপ্রাইজ
প্রোঃ মোঃ আলতাফ হোসেন
এখানে পাওয়া যায়
✓ সকল প্রকার ক্রোকারিজ সামগ্রী
✓ প্লাস্টিক সামগ্রী
খুচরা ও পাইকারি বিক্রয়করা হয়।
পরিবেশক
• কিয়াম মেটাল ইন্ডাস্ট্রিজ
• আর এফ এল
• আকিজ সিরামিক
কাঁসারী বাজার, মেহেরপুর।
০১৯২২-৬৪৫২১৮, ০১৭০৯-১০৯১৯১

### অনুবাক্য

মামুনুর রশিদ মামুন

খবর (বিএনপির মনোনয়ন)

কল্পনা কল্পনা পিছনে ফেলে
ধানের শীষ এলো
যার কপালে জুটলো ধান
তার পিছনে খাটো।
কাদা ছোড়াছুড়ি বন্ধ হল
নাকি আরো বাড়বে
কেউ যদি তা করতে চায়
টুটি চেপে ধরবে।
সবার আগে বাংলাদেশ
কথাটি মনে যেন থাকে
ধানের শীষের প্রতীক নিয়ে
থাকবে ভোটের মাঠে।
দাদাগিরি বাদ দিয়ে সব
নেমে পড়ো মাঠে
গুজব কথায় কান দিও না
লাভ হবে না শেষে।



## চুয়াডাঙ্গায় দুই প্রতিষ্ঠানে জরিমানা

নিজস্ব প্রতিবেদক .চুয়াডাঙ্গা

এবার ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদফতরের জালে ধরা পড়েছে চুয়াডাঙ্গা শহরের ভোক্তাপ্রিয় ‘গ্রীণফুড’ বেকারি। যথাযথভাবে বেকারিপণ্য উৎপাদন ও সংরক্ষণ না করা এবং মোড়কীকরণ নীতিমালা লঙ্ঘন করায় এ প্রতিষ্ঠানকে ৫০ হাজার টাকা জরিমানা করা হয়েছে।

২-এর পৃষ্ঠা দেখুন

## নিবন্ধন পেল এনসিপিসহ তিন দল

সূর্যোদয় প্রতিবেদন

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন সামনে রেখে চূড়ান্ত নিবন্ধন পেল জাতীয় নাগরিক পার্টি (এনসিপি), বাংলাদেশ আমজনগণ পার্টি ও বাংলাদেশ সমাজতান্ত্রিক দল (মার্কসবাদী)। মঙ্গলবার রাজধানীর আগারগাঁওয়ে নির্বাচন ভবনে সিনিয়র ইসি সচিব আখতার আহমেদ সাংবাদিকদের এ তথ্য জানান। সচিব বলেন, জাতীয় নাগরিক পার্টি (এনসিপি), বাংলাদেশ আমজনগণ পার্টি ও বাংলাদেশ সমাজতান্ত্রিক দল মার্কসবাদীকে চূড়ান্ত নিবন্ধন দেওয়া হয়েছে। আগামীকাল বুধবার (৫ নভেম্বর) দলগুলোর

২-এর পৃষ্ঠা দেখুন



## চুয়াডাঙ্গায় বিএনপির দুই প্রার্থী চূড়ান্ত

নিজস্ব প্রতিবেদক .চুয়াডাঙ্গা

চুয়াডাঙ্গার দুইটি আসনে বিএনপি দলীয় প্রার্থী ঘোষণা করেছে। চুয়াডাঙ্গা-১ (সদর ও আলমডাঙ্গা) আসনে মনোনয়ন পেয়েছেন জেলা বিএনপির সাধারণ সম্পাদক শরীফুজ্জামান শরীফ, এবং চুয়াডাঙ্গা-২ (দামুড়হুদা, জীবননগর ও সদরের একাংশ) আসনে মনোনয়ন পেয়েছেন জেলা বিএনপির সভাপতি ও উপ-কোষাধ্যক্ষ মাহমুদ হাসান

২-এর পৃষ্ঠা দেখুন

সু- খবর সু- খবর সু- খবর
আপনার স্বপ্নের অফিসিয়াল স্মার্ট ফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন এক ছাদের নিচে।
আমাদের কাছে পাচ্ছেন -
✓ অথেনটিক প্রোডাক্ট
✓ সেরা দাম
✓ নির্ভরযোগ্য সেবা
মোবাইল স্টেশন
তাই আর দেরি না করে আপনার প্রয়োজনীয় অফিসিয়াল যে কোনো স্মার্টফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন-ই সংগ্রহ করুন আমাদের কাছ থেকে নিশ্চিন্তে।
আমাদের ঠিকানা: মোবাইল স্টেশন প্রধান সড়ক, মেহেরপুর। হেল্পলাইন: ০১৭১২৫১১১৮১
বিঃদ্রঃ- আমরা কোন অবস্থায় রিফারবিষ্ট বা ক্লোন মোবাইল বিক্রি করিনা।
আপনার হাতে থাকা পুরোনো মোবাইল ফোনটি এক্সচেঞ্জ করতে পারেন খুব সহজেই।

হৃদয়ে লাল সবুজ
# আমাদের সূর্যোদয়
মেহেরপুর ॥ বুধবার ॥ ২০ কার্তিক ১৪৩২ বাংলা ॥ ৫ নভেম্বর ২০২৫ইং

## পাক বাহিনীর হামলায় ভারতীয় প্রক্সি বাহিনীর ৪ সদস্য নিহত

সূর্যোদয় প্রতিবেদন

পাকিস্তানি নিরাপত্তা বাহিনীর অভিযান কেন্দ্রীয় বেলুচিস্তানের কালাত জেলায় ভারতীয় প্রক্সি বাহিনীর (প্রক্সি) চার সদস্য নিহত হয়েছে। স্থানীয় গণমাধ্যম ডন নিউজ এবং পাকিস্তানের আন্তঃবাহিনী জনসংযোগ পরিদফতর (আইএসপিআর)-এর বিবৃতির সূত্রে এ তথ্য পাওয়া গেছে। আইএসপিআর জানায়, পহেলা নভেম্বর রাতে গোয়েন্দা তথ্যের ভিত্তিতে কালাত অঞ্চলে অভিযান চালায় নিরাপত্তা বাহিনী। অভিযানে চার প্রক্সি সদস্যকে হত্যা করা হয় এবং তাদের কাছ থেকে কিছু অস্ত্র ও গোলাবারুদ উদ্ধার করা হয়েছে। বিবৃতিতে বলা হয়েছে, নিহতরা

৩-এর পৃষ্ঠা দেখুন

## জুলাই সনদ বাস্তবায়ন আদেশ কেন্দ্র করে জাতীয় নির্বাচন সংকটে: মান্না

সূর্যোদয় প্রতিবেদন



নাগরিক ঐক্যের সভাপতি মাহমুদুর রহমান মান্না এক বিবৃতিতে বলেছেন, জুলাই সনদ বাস্তবায়ন আদেশকে কেন্দ্র করে দেশের জাতীয় নির্বাচন আবারও সংকটে পড়েছে। তিনি বলেন, অনেক বিষয়ে মতপার্থক্য থাকলেও রাজনৈতিক দলগুলো মোটাদাগে একটি ঐকমত্যে পৌঁছেছিল এবং সেই অনুযায়ী জুলাই সনদে স্বাক্ষর করা হয়েছিল। তবে পরবর্তীতে জাতীয় ঐকমত্য কমিশন এমন কিছু পরিবর্তন এনেছে যা অনেক রাজনৈতিক দলের পক্ষে গ্রহণযোগ্য নয়। বিশেষ করে গণভোটের মাধ্যমে জনগণের রায় নেবার পর 'নোট অব ডিসেন্ট' অকার্যকর করার প্রস্তাবটি বিএনপি মেনে নেবে না। মান্না বলেন, "নোট অব ডিসেন্টসহ কীভাবে গণভোট আয়োজন করবে সরকার, সেই বিষয়ে আমরা আগেই প্রশ্ন তুলেছিলাম। কিন্তু পরবর্তীতে একটি প্যাকেজ আকারে গণভোটে যাওয়ার বিষয়ে দলগুলোর মধ্যে ঐকমত্য তৈরি হয়েছিল এবং কমিশনও সেই ভিত্তিতেই আলোচনা শেষ করে সনদ প্রস্তুত করেছে। তবে আমার দল নাগরিক ঐক্য এবং জোট গণতন্ত্র মঞ্চ অনেক ক্ষেত্রে বিএনপির 'নোট অব ডিসেন্ট'-এর সঙ্গে একমত

৩-এর পৃষ্ঠা দেখুন

## নির্বাচনে অবৈধ সুবিধা দিলে পুলিশের বিরুদ্ধে ব্যবস্থা: স্বরাষ্ট্র উপদেষ্টা

সূর্যোদয় প্রতিবেদন

আসন্ন জাতীয় নির্বাচনকে সামনে রেখে আইনশৃঙ্খলা বাহিনীর ওপর কঠোর নজরদারি থাকবে বলে জানিয়েছেন স্বরাষ্ট্র উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল (অব.) জাহাঙ্গীর আলম চৌধুরী। তিনি বলেন, রাজনৈতিক দলের নেতা-কর্মীদের কোনো ধরনের অবৈধ সুবিধা দিলে পুলিশের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে। মঙ্গলবার (৪ নভেম্বর) দুপুরে সচিবালয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সভাকক্ষে আইনশৃঙ্খলা-সংক্রান্ত কোর কমিটির সভা শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ কথা জানান। সভায় প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী লুৎফে সিদ্দিকী, স্বরাষ্ট্র

৩-এর পৃষ্ঠা দেখুন

জীবন ধারা



## অগ্ন্যাশয় সতর্ক সংকেত

সূর্যোদয় প্রতিবেদন

অগ্ন্যাশয় বা প্যানক্রিয়াস আমাদের হজম ও রক্তে শর্করা নিয়ন্ত্রণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। তবে এটি ঠিকমতো কাজ না করলে শরীরে কিছু সতর্ক সংকেত দেখা দেয়। খাবারের পর বিশেষ করে ফ্যাটযুক্ত খাবার খেলে পেটের ওপরের অংশে ব্যথা পেতে পারেন, যা পিঠেও ছড়িয়ে পড়তে পারে। অনেক সময় এটি সাধারণ গ্যাস ভেবে এড়িয়ে দেওয়া হয়, কিন্তু প্যানক্রিয়াটাইটিসের প্রাথমিক সংকেতও হতে পারে। অগ্ন্যাশয় যদি হজমের উৎসেচক যথেষ্ট তৈরি না করে, খাবার ঠিকমতো হজম হয় না। ফলে হঠাৎ ওজন কমতে পারে এবং মল তৈলাক্ত বা দুর্গন্ধযুক্ত হতে পারে। অল্প খাবারেও বমি ভাব, ফাঁপাভাব বা হজমে অসুবিধা দেখা দিতে পারে। এটি নিয়মিত হলে অবশ্যই চিকিৎসকের পরামর্শ নেওয়া উচিত। অগ্ন্যাশয় ইনসুলিন তৈরি করে। এটি ঠিকমতো কাজ না করলে রক্তে সুগারের মাত্রা বেড়ে বা কমে যেতে পারে, যার ফলে ক্লান্তি, দুর্বলতা ও ঘন ঘন খিদে পাওয়ার মতো সমস্যা দেখা দেয়। চামড়া বা চোখের সাদা অংশ হলুদ হলে এটি জন্ডিসের ইঙ্গিত হতে পারে। গাঢ় মূত্র, হালকা মল ও ত্বকে চুলকানিও হতে পারে। অতিরিক্ত অ্যালকোহল, ধূমপান, ফ্যাটযুক্ত খাবার, গলস্টোন বা উচ্চ ট্রাইগ্লিসারাইড অগ্ন্যাশয়ের জন্য ক্ষতিকর। তাই সুস্থ রাখতে হালকা ও সুষম খাবার, পর্যাপ্ত পানি, নিয়মিত ব্যায়াম ও ওজন নিয়ন্ত্রণ জরুরি। উপরের উপসর্গগুলোর কোনো একটি দেখলে দ্রুত বিশেষজ্ঞের পরামর্শ নিন। কারণ অগ্ন্যাশয়ের সমস্যা যত দ্রুত ধরা যায়, চিকিৎসাও তত বেশি কার্যকর হয়।




## দৌলতপুরে বিএনপি কার্যালয়ে ভাঙচুর-অগ্নিসংযোগ

নিজস্ব প্রতিবেদক . কুষ্টিয়া

কুষ্টিয়ার দৌলতপুরে বিএনপির ব্যানার-ফেস্টুন ছিঁড়ে ফেলা, অগ্নিসংযোগ, ককটেল বিস্ফোরণ ও একাধিক কার্যালয়ে ভাঙচুরের ঘটনায় উত্তেজনা ছড়িয়ে পড়েছে। এ ঘটনার প্রতিবাদে মঙ্গলবার বিকেলে বিএনপি ও অঙ্গসংগঠনের নেতাকর্মীরা বিক্ষোভ মিছিল করেন। বিকেল সাড়ে ৪টার দিকে দৌলতপুর সরকারি মডেল পাইলট স্কুল মাঠ থেকে মিছিলটি শুরু হয়ে বাজারের প্রধান সড়ক প্রদক্ষিণ করে স্থানীয় বিএনপি কার্যালয়ের সামনে সমাবেশে মিলিত হয়। এতে বিএনপি, যুবদল, স্বেচ্ছাসেবক দল ও ছাত্রদলের শতাধিক নেতাকর্মী অংশ নেন। নেতাকর্মীরা অভিযোগ করেন, সোমবার রাতে বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর প্রার্থী ঘোষণা করার পর কুষ্টিয়া-১ আসনে রেজা আহমেদ বাচ্চু মোল্লার মনোনয়ন ঘিরে তার

৩-এর পৃষ্ঠা দেখুন

## শোলমারি ইয়ং স্টার ফুটবল টুর্নামেন্টে রশিকপুর ও রামদাসপুর জয়ী

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার শোলমারি গ্রামবাসীর উদ্যোগে শোলমারি সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে চলমান "শোলমারি ইয়ং স্টার ফুটবল টুর্নামেন্টে" মঙ্গলবারের খেলায় রশিকপুর একাদশ ও রামদাসপুর একাদশ নিজেদের খেলায় জয় পেয়েছে। দিনের প্রথম খেলায় রশিকপুর একাদশ ১০ গোলে হিজলবাড়িয়া একাদশকে পরাজিত করে। প্রথমার্ধের ১২ মিনিটে দলের পক্ষে জয়সূচক গোলটি করেন হৃদয়। ম্যাচে রশিকপুর দলের লিমন ও তারিখ এবং হিজলবাড়িয়া দলের রিপন ও আপন হলুদ কার্ড দেখেন। বিজয়ী দলের হৃদয় প্রথম গোলদাতা এবং মানিক 'ম্যান অব দ্য ম্যাচ' নির্বাচিত হন। খেলা শেষে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খলিলুর রহমান, শামসুল আলম, আইয়ুব হোসেন,

৩-এর পৃষ্ঠা দেখুন



## নির্যাতনের ভিডিও ফাঁস: ইসরায়েলি সেনাবাহিনীর শীর্ষ কর্মকর্তা গ্রেপ্তার

সূর্যোদয় প্রতিবেদন

ফিলিস্তিনি বন্দিদের ওপর নির্যাতনের ভিডিও ফাঁসের ঘটনায় ইসরায়েলি সেনাবাহিনীর শীর্ষ আইন কর্মকর্তা মেজর জেনারেল ইফাত তমার-ইয়েরুশালমি গ্রেপ্তার হয়েছেন। গত সপ্তাহেও তিনি ইসরায়েলি সেনাবাহিনীর সর্বোচ্চ আইন কর্মকর্তার দায়িত্বে ছিলেন। সিএনএনের প্রতিবেদনে বলা হয়েছে, সদে তেইমান সামরিক কারাগারে ফিলিস্তিনি বন্দিদের ওপর শারীরিক ও যৌন নির্যাতনের ভিডিও প্রকাশের পর দেশজুড়ে ব্যাপক বিতর্কের সৃষ্টি হয়। ঘটনাটি এখন ইসরায়েলের "জাতীয় কেলেঙ্কারি" হিসেবে বিবেচিত হচ্ছে। গত বছর ফাঁস হওয়া ভিডিওতে দেখা যায়, এক ফিলিস্তিনি বন্দিকে যৌন নির্যাতন করা হচ্ছে, আর অন্য বন্দিরা মাটিতে শুয়ে আছেন। ভিডিওটি প্রকাশের পর

৩-এর পৃষ্ঠা দেখুন

## ঝিনাইদহে সড়ক দুর্ঘটনায় কলেজ ছাত্র নিহত

নিজস্ব প্রতিবেদক . ঝিনাইদহ

জেলার মহেশপুরে মোটরসাইকেল ও স্যালোইঞ্জিন চালিত আলমসাধু গাড়ির মুখোমুখি সংঘর্ষে সজীব হোসেন (১৭) নামে এক কলেজ ছাত্র নিহত হয়েছেন। গতকাল মঙ্গলবার বেলা সাড়ে ১১টার দিকে উপজেলার অনন্তপুর গ্রামে এ দুর্ঘটনা ঘটে। নিহত সজীব হোসেন উপজেলার লড়াইঘাট মাঠপাড়া গ্রামের সানোয়ার খানের ছেলে। তিনি পদ্মপুকুর ডিগ্রি কলেজের দ্বিতীয় বর্ষের শিক্ষার্থী ছিলেন। পুলিশ জানিয়েছে, সকালে সজীব মোটরসাইকেল নিয়ে বাড়ি থেকে কলেজে যাচ্ছিলেন। পথে অনন্তপুর এলাকায় পৌঁছালে বিপরীত দিক থেকে আসা একটি আলমসাধু গাড়ির সঙ্গে মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষ হয়। এতে সজীব গুরুতর আহত হন। স্থানীয়রা তাকে দ্রুত

৩-এর পৃষ্ঠা দেখুন




## নির্বাচনের আগ মুহূর্তে মামদানিকে নিয়ে ট্রাম্পের হুমকি

সূর্যোদয় প্রতিবেদন

নিউইয়র্ক সিটির মেয়র নির্বাচন আজ মঙ্গলবার। ভোটের ঠিক আগ মুহূর্তে ডেমোক্র্যাট প্রার্থী জোহরান মামদানিকে উদ্দেশ করে হুঁশিয়ারি দিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। তিনি মামদানির প্রতিদ্বন্দ্বী সাবেক গভর্নর অ্যান্ড্রু কুয়োমোকে প্রকাশ্যে সমর্থন জানিয়েছেন। বিবিসির প্রতিবেদন অনুযায়ী, ট্রাম্প হুমকি দিয়েছেনড়মামদানি নির্বাচিত হলে নিউইয়র্ক সিটির জন্য ফেডারেল অর্থায়নে নির্ধারিত পরিমাণের বেশি বরাদ্দ দেওয়া হবে না। সোমবার রাতে নিজ সামাজিক যোগাযোগমাধ্যম ট্রুথ সোশ্যালে এক পোস্টে তিনি লেখেন, "আপনি কুয়োমোকে পছন্দ করুন বা না করুন, আপনার কোনো বিকল্প নেইড় তাঁকেই ভোট দিন এবং আশা করুন, তিনি ভালোভাবে দায়িত্ব পালন

৩-এর পৃষ্ঠা দেখুন



## ট্রাম্প-সৌদি যুবরাজ বৈঠক ১৮ নভেম্বর

সূর্যোদয় প্রতিবেদন

আগামী ১৮ নভেম্বর হোয়াইট হাউসে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সঙ্গে বৈঠকে বসছেন সৌদি যুবরাজ মোহাম্মদ বিন সালমান। সোমবার হোয়াইট হাউসের এক কর্মকর্তা এ কথা জানিয়েছেন। এমন এক প্রেক্ষাপটে এই সফরে যাচ্ছেন যুবরাজ মোহাম্মদ বিন সালমান,

৩-এর পৃষ্ঠা দেখুন

## ভারতে তরুণদের মধ্যে জনপ্রিয় হচ্ছে বিপজ্জনক 'স্লিমিং ইনজেকশন'

সূর্যোদয় প্রতিবেদন

ভারতের শহুরে তরুণ পেশাজীবীদের মধ্যে দ্রুত জনপ্রিয় হয়ে উঠছে ওজন কমানোর ইনজেকশন বা তথাকথিত "ওয়েট-লস জ্যাব"। চিকিৎসকরা সতর্ক করছেন, এটি হতে পারে এক নতুন স্বাস্থ্যঝুঁকির কারণ। মুম্বাইয়ের খ্যাতনামা ডায়াবেটোলজিস্ট ডা. রাহুল বক্সি জানিয়েছেন, তাঁর কাছে এখন সমান সংখ্যক ডায়াবেটিস রোগী ও তরুণ-তরুণী যোগাযোগ করছেন এই ইনজেকশন নেওয়ার জন্য। এক ২৩ বছর বয়সী তরুণ এমনকি কর্পোরেট চাকরির চাপের কারণে বেড়ে যাওয়া ১০

৩-এর পৃষ্ঠা দেখুন



## ফিট না থাকলে নেইমারকে দলে নেবেন না আনচেলত্তি

সূর্যোদয় প্রতিবেদন

নভেম্বর মাসে চলতি বছরের শেষ ফিফা উইন্ডোতে দুটি প্রীতি ম্যাচ খেলতে যাচ্ছে পাঁচবারের বিশ্বচ্যাম্পিয়ন ব্রাজিল। এ উপলক্ষে ২৬ সদস্যের দল ঘোষণা করেছেন দলের কোচ কার্লো আনচেলত্তি। তবে আবারও স্কোয়াডে জায়গা হয়নি দলের ব্রাজিলিয়ান তারকা নেইমার

৩-এর পৃষ্ঠা দেখুন

## অর্থপাচার মামলায় অনিল আম্বানির সম্পদ বাজেয়াপ্ত

সূর্যোদয় প্রতিবেদন

অর্থপাচারের অভিযোগে ভারতের শিল্পপতি অনিল আম্বানির নেতৃত্বাধীন রিলায়েন্স গ্রুপের ৩ হাজার ৮৪ কোটি রুপির (প্রায় ৩৫৮.৭ মিলিয়ন ডলার) সম্পদ বাজেয়াপ্ত করেছে দেশটির আর্থিক অপরাধ তদন্ত সংস্থা এনফোর্সমেন্ট ডিরেক্টরেট (ইডি)। ইডির বরাত দিয়ে ভারতীয় গণমাধ্যম জানিয়েছে, ২০১৭ থেকে ২০১৯ সালের মধ্যে রিলায়েন্স গ্রুপ ইয়েস ব্যাংক থেকে প্রায় ৫৭ কোটি ডলার ঋণ নেয়। তদন্ত সংস্থার অভিযোগ, এ ঋণের মাধ্যমে জনগণের অর্থ বেহাত ও বিদেশে

৩-এর পৃষ্ঠা দেখুন

✨ জামান বস্ত্রালয় ✨
আপনার আস্থার পোশাকের ঠিকানা
সর্বাধুনিক ফ্যাশনের নান্দনিক সংগ্রহ
জেন্টস, লেডিস ও বাচ্চাদের জন্য মানসম্মত পোশাক
সালোয়ার–কামিজ, থ্রি-পিস, শাড়ি, পাঞ্জাবি, কোটসহ সবকিছু
ঈদ, পূজা, বিয়ে বা যেকোনো উৎসবের জন্য বিশেষ কালেকশন
ন্যায্য দামে গুণগত মানের নিশ্চয়তা
একবার আসুন, দেখুন – তারপরই বুঝবেন পার্থক্য!
ঠিকানা: বড়বাজার, মেহেরপুর
যোগাযোগ: 01718 552784, 01673 980044

প্রযুক্তি

## পৃথিবীর সবচেয়ে দামি কাঠ আগরউড

সূর্যোদয় প্রতিবেদন



পৃথিবীতে অনেক বিরল প্রজাতির গাছপালা আছে, যার মধ্যে কিছু কাঠের দাম অত্যন্ত উচ্চ। সাধারণভাবে চন্দন কাঠকে সবচেয়ে দামি কাঠ হিসেবে ধরা হয়, যার দাম প্রতি কেজি ১৮-২৫ হাজার টাকার মধ্যে। কিন্তু চন্দনের চেয়েও বহু গুণ মূল্যবান একটি কাঠ রয়েছে এর নাম আগরউড। আগরউড (অথবা ওউড) মূলত অ্যাকুইলারিয়া প্রজাতির গাছ থেকে পাওয়া যায়। এটি সুগন্ধি, ঐতিহ্যবাহী ঔষধ এবং ধর্মীয় অনুষ্ঠানে ব্যবহৃত হয়। বিশেষ করে দক্ষিণ-পূর্ব এশিয়া, চীন, জাপান, আরব ও ভারতের কিছু জঙ্গলে পাওয়া যায়। ভারতের আসামকে বলা হয় 'ভারতের আগরউড রাজধানী'। আগরউডের মধ্যেও কিছু বিশেষ প্রজাতি আছে, যার মধ্যে সবচেয়ে বিরল হলো 'কিনাম'। এই কাঠ এতই দামি যে ধনী ব্যক্তিরাও এটি কেনার আগে কয়েকবার ভাবেন। কিনাম কাঠের প্রতি গ্রামের দাম প্রায় ১০ হাজার

৩-এর পৃষ্ঠা দেখুন

মায়ের হাসি ক্লিনিক
ও নিউ হেলথ্ কেয়ার ল্যাব
মোতাছিম বিল্লাহ মতু'র বাসা, কাশারীপাড়া, মেহেরপুর।
পরীক্ষাসমূহ ✅ ই.সি.জি (কম্পিউটারাইজড) ✅ এক্স-রে ✅ আল্ট্রাসনোগ্রাফি ✅ হরমন এনালাইসিস ✅ সকল প্রকার প্যাথলজি পরীক্ষা ✅ মহিলা বিশেষজ্ঞ দ্বারা নরমাল ডেলিভারি, সিজারিয়ান ও সব ধরনের অপারেশন ✅ আধুনিক যন্ত্রপাতি ও যত্নবান সেবা
সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন : ০১৩০৬-৯২৫৬২৫
মার্কেটিং - জসিম : ০১৭১৩-৯১২৫৫১ বাপ্পী : ০১৭১২-২১৪১৩১
নিয়মিত রোগী দেখেন
শিশুরোগ, শিশুপুষ্টি ও মেডিসিন বিশেষজ্ঞ
ডাঃ এম.র. মালিক
এমবিবিএস, ডিসিএইচ (আয়ারল্যান্ড) এমএসসি (পুষ্টি) ডিসিএম, সিসিডি, এমএসসি (সাইকো) এমপিএইচ,আইপিপিএস (অষ্টেলিয়া) সিসিড, পিজিপিএন বোস্টন ইউনিভার্সিটি, আমেরিকা)এফআরএসএম (লন্ডন) এফআরএসএইচ (লন্ডন), এমএএমএস (ভিয়েনা), সিপেড, বিসিএস (স্বাস্থ্য)ফেলো রয়েল সোসাইটি অব মেডিসিন (লন্ডন), রিসার্চ ফেলো-সিঙ্গাপুর ও অস্ট্রেলিয়া এসোসিয়েট প্রফেসর ও বিভাগীয় প্রধান (এক্স) নর্থ বেঙ্গল মেডিকেল কলেজ হসপিটাল
রোগী দেখেন : প্রতি রবিবার সকাল ৮ টা থেকে দুপুর ২ টা।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
ডাঃ কানিজ নাঈমা
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), ডিসিএইচ (শিশু) জুনিয়র কনসালটেন্ট (শিশু) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
রোগী দেখেন: দুপুর ২ টা থেকে ৩ টা। (শুক্রবার ব্যাতিত)
প্রসূতি ও স্ত্রীরোগ চিকিৎসক সার্জন ও সনোলজিষ্ট
ডাঃ রুমানা হেলালী (জুসি)
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (এফ.পি), ডি.এম.ইউ ই ও সি (অবস্ এন্ড গাইনী), মেডিকেল অফিসার, মা ও শিশু কল্যাণ কেন্দ্র,মেহেরপুর। গাইনী, বন্ধ্যাত্ব, গর্ভবতী, প্রসূতী, কিশোরী ও স্ত্রী রোগের চিকিৎসা করেন।
মেডিকেল প্রাক্টিশনার ও মেডিসিন রোগে অভিজ্ঞ
ডাঃ মুত্তাকী বিল্লাহ শাফিন
এমবিবিএস(ডিইউ)
আবাসিক মেডিকেল অফিসার, মায়ের হাসি ক্লিনিক, প্রতিদিন নিয়মিত রোগী দেখেন।
মেডিসিন, ডায়াবেটিস ও সনোলজিস্ট
ডাঃ এস.এম. আরাফাত আল আকাশ
এম.বি.বি.এস (ডি.ইউ), সিসিডি (বারডেম), পিজিটি (মেডিসিন), সি এম ইউ (আল্ট্রা) এইচ. এম. ও
রোগী দেখেন: প্রতি শুক্র ও শনিবার সকাল ১০ টা থেকে রাত্রি ৮ টা

হৃদরোগ, মেডিসিন এবং ডায়েবেটিক রোগ বিশেষজ্ঞ

এম.বি.বি.এস (ডি.ইউ) বি.সি.এস (স্বাস্থ্য), ডি-কার্ড কার্ডিওলজি), এফ.সি.পি.এস(মেডিসিন). সি.সি.ডি (বারডেম),এক্স রেসিডেন্ট, কার্ডিওলজি বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল। মেডিকেল অফিসার, জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
ডা: মো: শাহিনুর রশিদ
চিকিৎসা সেবা সমূহ
• হৃদরোগ (হার্টের সমস্যা)• হার্ট এ্যাটাক/হার্ট ফেলিউর □ হৃদরোগ জনিত শ্বাসকষ্ট বুক ধড়ফড় করা, • হার্টের ভাল্বের সমস্যা • জন্মগত হার্টের ছিদ্র □ এ্যাজমা ও শ্বাসকষ্ট - বক্ষব্যাধি • ডায়াবেটিস • বাতব্যথা বাতজ্বর • কিডনী রোগ • প্রেসার (উচ্চ রক্তচাপ)• রক্তের কলেষ্টেরল বৃদ্ধি • লিভার ও পরিপাকতন্ত্রের রোগ • জ্বর (দীর্ঘ কালীন)।
নিয়মিত রোগী দেখছেন ও ইকোকার্ডিওগ্রাফি করছেন শনি থেকে বুধবার বিকাল ৩টা থেকে রাত ৮টা পর্যন্ত।
রাবেয়া মেডিকেল সার্ভিসেস, হাসপাতাল গেট, মেহেরপুর
সিরিয়ালের জন্য যোগাযোগ রিসিপশন: 01754974466, 01724-787313 মার্কেটিং: 01304-100307, 1304-100308

দিন রাত মানবিক সেবার নিশ্চয়তা
কুদরত-ই-খুদা ক্লিনিক এন্ড ল্যাব
মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর সামনে (আসিফ প্লাজা ২ য় তলা)
সিরিয়ালের জন্য : ০১৭৫৭-৮২৮২৭৮
ডা. আ.ফ.ম. মুনতাহী রেজা রুবেল

এমবিবিএস,বিসিএস(স্বাস্থ্য) এফ.সি.পি.এস (ইউরোলজি),এম.স (ইউরোলজি)বিশেষজ্ঞ ও সার্জন ইউরোলজি বিশেষজ্ঞ সার্জন
কিডনী, মুত্রথলী, মুত্রনালী, প্রোস্টেট গ্রান্থি, অন্ডেকোষ, পুরুষ প্রজাননতন্ত ও ফিমেল ইরোলজি বিশেষজ্ঞ ও সার্জন।
রোগী দেখোর সময় : দুপুর ২ টা হতে রাত ৮ টা
শনি ও রবিবার

ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কর্তৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

হৃদয়ে লাল সবুজ
# আমাদের সূর্যোদয়

মেহেরপুর, বুধবার, ৫ নভেম্বর ২০২৫ ইং

## স্বপ্নযাত্রার নতুন চাকা

মেহেরপুর সদর উপজেলা পরিষদ চত্বর সোমবার সকালে পরিণত হয়েছিল এক অনন্য আনন্দমেলায়। একদিকে মুখভর্তি হাসি ও উচ্ছ্বাসে ভরা মেয়েশিশুরা, অন্যদিকে কৃতজ্ঞতার অশ্রু ঝরানো অসুস্থ ও প্রতিবন্ধীরা দৃশ্যটি ছিল মানবিকতার এক অসাধারণ উদাহরণ। উপজেলা উন্নয়ন তহবিল (ইউডিএফ) ও এডিবি প্রকল্পের আওতায় দরিদ্র ও মেধাবী ২১ জন ছাত্রীকে বাইসাইকেল এবং ১১ জন প্রতিবন্ধী ও অসুস্থ ব্যক্তিকে হুইলচেয়ার প্রদান শুধু একটি দান বা অনুদান নয়ড় এটি সমাজে পরিবর্তনের এক প্রতীকী পদক্ষেপ। মেয়েশিশুদের শিক্ষার পথে অন্যতম বড় বাধা হলো দূরত্ব ও যাতায়াতের সমস্যা। বাইসাইকেল সেই বাধা ভাঙার এক কার্যকর হাতিয়ার। জেলা প্রশাসক ড. মোহাম্মদ আবদুল ছালামের কথায় যেমন উঠে এসেছে, "এটি শুধু একটি বাহন নয়, এটি তাদের স্বপ্নযাত্রার সঙ্গী।" সত্যিই তাই এই সাইকেল শুধু চাকার ঘূর্ণন নয়, এটি গ্রামীণ মেয়েদের আত্মবিশ্বাস, স্বাধীনতা ও শিক্ষার পথে এক নতুন সূচনা। উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. খায়রুল ইসলামের বক্তব্য সমাজে এক ইতিবাচক বার্তা দেয়ড় "সাইকেল চালানো ধর্মে নিষিদ্ধ নয়।" এমন বক্তব্য প্রয়োজন ছিল, কারণ অনেক সময় সামাজিক কুসংস্কারই মেয়েদের এগিয়ে যাওয়ার পথে বাধা হয়ে দাঁড়ায়। প্রশাসনের এমন প্রগতিশীল অবস্থান নিঃসন্দেহে অনুকরণীয় উদাহরণ। অন্যদিকে, হুইলচেয়ারপ্রাপ্ত অসুস্থ ও প্রতিবন্ধীদের মুখে হাসি ফুটিয়ে তোলাও এক বড় মানবিক কাজ। বৃদ্ধা রহিমা বেগমের চোখের অশ্রু যেন প্রমাণ করে দেয় সাহায্য যদি সঠিক হাতে পৌঁছে, তা শুধু সহায়তা নয়, তা একপ্রকার জীবনের পুনরুজ্জীবন। এমন উদ্যোগগুলো কেবল সরকারি দায়িত্ব নয়, এটি সামাজিক দায়বদ্ধতার প্রকাশও বটে। উন্নয়ন তখনই অর্থবহ হয়, যখন তা মানুষের জীবনে সরাসরি পরিবর্তন আনে, নতুন সম্ভাবনার দরজা খুলে দেয়। মেহেরপুর সদর উপজেলার এই উদ্যোগ তাই অন্যদের জন্য দৃষ্টান্ত হয়ে থাকুক। আমরা চাই, প্রতিটি উপজেলা, প্রতিটি গ্রামে এমন মানবিকতার আলো ছড়িয়ে পড়ুক যেখানে শিক্ষা, সহমর্মিতা ও সামাজিক প্রগতি একসাথে এগিয়ে যাবে। এই বাইসাইকেলগুলোর ঘূর্ণন যেন থেমে না যায়; এগিয়ে যাক মেয়েদের স্বপ্ন, ঘুরে যাক মেহেরপুরের উন্নয়নের চাকা।

## অনলাইন জুয়া চক্রের তিনজন

(প্রথম পৃষ্টার পর)

কমন ডেটাবেজ তৈরি করা হবে, যেখানে সরকারি সংস্থা, প্ল্যাটফর্ম ও অপারেটরদের তথ্য সংরক্ষণ ও নজরদারি করা হবে। গত দুই সপ্তাহে ৩৯৭টি মোবাইল নম্বর বন্ধ করা হয়েছে।

## গাংনীতে বিএনপির দুই গ্রুপের

(প্রথম পৃষ্টার পর)

আসবাবপত্র ভাঙচুর করে এবং বাইরে এনে আগুন ধরিয়ে দেয়। এতে পুরো শহরে উত্তেজনা ছড়িয়ে পড়ে। শেষ খবর পাওয়া পর্যন্ত আমজাদ হোসেনপক্ষের নেতা-কর্মীরা শহরে বিক্ষোভ মিছিল করছিলেন। সংঘর্ষের সময় প্রথমে পুলিশের একটি পিকআপ ও পরে সেনাবাহিনীর টহল গাড়ি ঘটনাস্থলে পৌঁছালেও হামলা-পাল্টা হামলার সময় আইনশৃঙ্খলা বাহিনীর তেমন কোনো তৎপরতা দেখা যায়নি বলে অভিযোগ রয়েছে। এ বিষয়ে আমজাদ হোসেন ও জাভেদ মাসুদের সঙ্গে মুঠোফোনে যোগাযোগের চেষ্টা করা হলেও তাঁরা ফোন ধরেননি। গাংনী থানার অফিসার ইনচার্জ (ওসি) বনি ইসরাইল বলেন, "পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে পুলিশ কাজ করছে। বর্তমানে শহরে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে।" এর আগে সোমবার রাতেও মনোনয়ন পরিবর্তনের দাবিতে গাংনী শহরের হাসপাতাল মোড় এলাকায় টায়ার জ্বালিয়ে মেহেরপুর-২ কুষ্টিয়া সড়ক অবরোধ করে বিএনপির একাংশের নেতা-কর্মীরা।

## মেহেরপুরে নির্বাচনী সৌহার্দ্যের

(প্রথম পৃষ্টার পর)

জামায়াতে ইসলামী মেহেরপুর জেলা আমীর ও মেহেরপুর-১ আসনের মনোনীত প্রার্থী মো. তাজউদ্দীন খান সোমবার (৩ নভেম্বর) সন্ধ্যায় বিএনপি প্রার্থী মাসুদ অরুন-এর সঙ্গে ফোনে যোগাযোগ করেন। তিনি মাসুদ অরুনকে প্রার্থী হওয়ায় শুভেচ্ছা ও শুভকামনা জানান। আলাপচারিতায় দুই প্রার্থীই শান্তিপূর্ণ ও অবাধ নির্বাচনী পরিবেশ নিশ্চিত করার অঙ্গীকার ব্যক্ত করেন এবং মেহেরপুরের উন্নয়নের স্বার্থে একসঙ্গে কাজ করার প্রত্যাশা জানান। পরদিন মঙ্গলবার সকালে বিএনপি প্রার্থী মাসুদ অরুন তার প্রতিদ্বন্দ্বী জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাড. কামরুল হাসান-এর বাসায় সৌজন্য সাক্ষাৎ করেন। এ সময় তারা দুজন একসাথে ছবি তোলেন, যা পরবর্তীতে বিএনপির নেতাকর্মীরা সামাজিক যোগাযোগমাধ্যমে শেয়ার করলে ব্যাপক আলোচনার জন্ম দেয়। স্থানীয় রাজনৈতিক মহল এবং সাধারণ ভোটারদের মধ্যে ঘটনাটি ইতিবাচক প্রতিক্রিয়া সৃষ্টি করেছে। অনেকেই মনে করছেন, প্রতিদ্বন্দ্বিতা থাকলেও প্রতিপক্ষের প্রতি পারস্পরিক সম্মান প্রদর্শন রাজনৈতিক সংস্কৃতিকে আরও সমৃদ্ধ করবে এবং শান্তিপূর্ণ নির্বাচনী পরিবেশ গড়ে তুলবে।

## মির্জা ফখরুল

(প্রথম পৃষ্টার পর)

গেছেনড়তাদের প্রত্যেকেরই একেকটি গল্প আছে।" নিজের রাজনৈতিক জীবনের স্মৃতিচারণ করে তিনি বলেন, "আমি যখন ১৯৮৭ সালে আবার রাজনীতিতে ফেরার সিদ্ধান্ত নেই, তখন আমার মেয়েরা ছোট, স্ত্রী তরুণী ছিলেন। তিনি প্রথমে হতভম্ব হয়ে গিয়েছিলেন। জানতেন না, কী অনিশ্চিত জীবনে পা দিতে যাচ্ছেন। আমার বড় মেয়ের একবার অপারেশন হয়েছিল, আমি তখন ঢাকা যাওয়ার পথে সারারাত গাড়িতে ছিলামড়যেন পাশে থাকতে পারি।" বিএনপি মহাসচিব আরও লেখেন, "এই নির্বাচন হয়তো আমার শেষ নির্বাচন! যারা মনোনয়ন পাননি, বিশ্বাস রাখুনড়ইনশা আল্লাহ, দল আপনাদের যথাযথ দায়িত্ব ও সম্মান দেবে।" তিনি দলীয় নেতাকর্মীদের ঐক্যবদ্ধ থাকার আহ্বান জানিয়ে বলেন, "আপনারা সবাই আমার জন্য এবং আমাদের দলের নেতা-কর্মীদের জন্য দোয়া করবেন। আমরা সবাই মিলে আপনাদের পাশে থাকব ও কাজ করব, ইনশা আল্লাহ। বিএনপির সেই যোগ্যতা আছে দেশকে মর্যাদার সঙ্গে সামনে এগিয়ে নেওয়ার।" স্ট্যাটাসের শেষে তিনি লিখেন, "বাংলাদেশ জিন্দাবাদ!"

## ১০ মাসে কোরআন হিফজ করে

(প্রথম পৃষ্টার পর)

পবিত্র ওমরাহ হজে পাঠানো হবে। গতকাল মঙ্গলবার মাদ্রাসায় আয়োজিত অনুষ্ঠানে ওই দুই শিক্ষার্থীসহ মোট পাঁচ জন হিফজ শিক্ষার্থীকে সম্মাননা ও সনদ প্রদান করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জেলা প্রশাসক মোহাম্মদ আব্দুল আওয়াল। তিনি বলেন, "দুই কৃতি শিক্ষার্থী অল্প সময়ে মহান আল্লাহর রহমত ও অধ্যবসায়ের মাধ্যমে কোরআন হিফজ করেছে। পড়াশোনায় মনোযোগী হলে সম্মান, সফলতা ও কৃতিত্ব অর্জন সম্ভব।" মাদ্রাসার পরিচালক শায়খ মুহাম্মদ সাইদুর রহমান বলেন, "এই অর্জনের স্বীকৃতি হিসেবে শিক্ষার্থীদের ওমরাহ হজে পাঠানো হবে, যাতে তারা আল্লাহর ঘরে গিয়ে শুকরিয়া আদায় করতে পারে।" প্রসঙ্গত, মিয়া মোহাম্মদ মোস্তফা মাগুরার শ্রীরামপুর ইউনিয়নের বাসিন্দা। অসুস্থতা সত্ত্বেও মাত্র ১০ মাস ১৮ দিনে কোরআন হিফজ সম্পন্ন করেন। তানভীর মাহমুদ ইফাদ ঝিনাইদহ সদর উপজেলার লক্ষীকোল গ্রামের বাসিন্দা এবং ১৬ মাসে হিফজ সম্পন্ন করেছেন। অনুষ্ঠানে ইসলামী ফাউন্ডেশনের উপ-পরিচালক রেজাউল করিম, মাদ্রাসার শিক্ষক ও শিক্ষার্থীরাও উপস্থিত ছিলেন।

## গণভোট নিয়ে উপদেষ্টাদের মধ্যে

(প্রথম পৃষ্টার পর)

যুক্তিড়গণভোট ছাড়া জুলাই সনদের সংস্কার বাস্তবায়ন কঠিন হবে। বিশেষ করে সংসদের উচ্চকক্ষ পিআর (চৎড়ঢ়ড়ৎঃরড়হধষ জবঢ়ৎবংবহঃধঃরড়হ) পদ্ধতিতে গঠনের জন্য নির্বাচনের আগেই গণভোট জরুরি বলে তারা মত দেন। বৈঠকের পর এক উপদেষ্টা জানান, অধিকাংশ সদস্য নির্বাচনের দিন গণভোটের পক্ষে থাকলেও

আশরাফুন নাহার

# কন্যা সন্তানকে বোঝা নয়: সমতার দৃষ্টিকোণ আমাদের দায়িত্ব



প্রকৃতি ছেলে-মেয়ের মধ্যে কোনো বৈষম্য করে না। একজন ছেলেসন্তান যেভাবে জন্ম নেয়, একজন মেয়েসন্তানও ঠিক একইভাবে জন্ম নেয়। তবে আমাদের সমাজ এখনও কন্যাসন্তানকে বোঝা মনে করে। প্রশ্ন হলো, কেন? সন্তানের লিঙ্গ নির্ধারণে পিতারই মূল ভূমিকা থাকা সত্ত্বেও মেয়েদের জন্মকে অনেক সময় অবমূল্যায়ন করা হয়। ইতিহাসের সাক্ষ্য দেখায়, যখন আরবে কন্যাশিশুদের জন্মের পর হত্যা করা হতো, তখন হজরত মুহাম্মদ (সা.) কন্যাদের রক্ষা করতে এগিয়ে এলেন। কেবল কন্যাদের অধিকার প্রতিষ্ঠা করাই নয়, তিনি নিজের জীবনে কন্যাদের মর্যাদা ও আদর প্রদর্শন করেছেন। সনাতন ধর্মেও মিথিলা রাজা জনক কন্যা সীতাকে শ্রদ্ধার সঙ্গে দেখেছেন। অথচ আজও আমাদের সমাজে ধর্মের দোহাই দিয়ে কন্যাদের প্রতি বৈষম্য ও অবহেলা করা হয়। আধুনিক যুগে ছেলে-মেয়ের মধ্যে পার্থক্য করা এখন আরও অযৌক্তিক। নারীরা আজ অর্থনৈতিকভাবে স্বাবলম্বী, শিক্ষিত ও কর্মক্ষম। প্রযুক্তির যুগে শারীরিক শক্তি আর প্রধান বিচারের মানদণ্ড নয়। ভারোত্তোলন বা দৈহিক শ্রম আজ যেকোনো লিঙ্গের মানুষের জন্য সহজ। বিজ্ঞান অনুযায়ী ছেলে-মেয়ের উভয় সন্তানই বংশসংরক্ষকের দায়িত্ব সমানভাবে বহন করে। অথচ সমাজে এখনও কুসংস্কার, পুরুষতান্ত্রিক মনোভাব এবং "কন্যা জন্মেই পরের ঘরের বউ" এই ধরনের ধারণা গভীরভাবে প্রবেশ করেছে। নিরাপত্তার বিষয়টি সবচেয়ে বড় চ্যালেঞ্জ। যেখানে পুরুষরা সহজেই যেকোনো স্থানে যেতে পারে, সেখানে মেয়েরা ভৎস শিশুকন্যা থেকে বৃদ্ধা নির্যাতন ও হয়রানির শিকার হচ্ছেন প্রতিদিন। রাস্তা, বাস, যাতায়াত প্রায় প্রতিটি স্থানেই নারীরা অসুরক্ষিত। তবু নারীরা হার মানছেন না। বেগম রোকেয়া, সুফিয়া কামালের মতো সাহসী নারীরা আমাদের দেখিয়েছেন, লড়াই করতে হয় সাহস, আত্মবিশ্বাস এবং অধ্যবসায়ের সঙ্গে। আজও নারী ফুটবলার, উদ্যোক্তা, বিজ্ঞানী ও শিক্ষিকা তাদের অধিকার ও মর্যাদা প্রতিষ্ঠার জন্য লড়ছেন। প্রকৃতপক্ষে, কন্যা সন্তানকে বোঝা নয়ড়তাকে সমান অধিকার, সম্মান ও নিরাপত্তা দেওয়া আমাদের সকলের দায়িত্ব। ছেলে-মেয়ে উভয়ের মধ্যে পার্থক্য না করে আমরা একটি সমতার সমাজ গড়ে তুলতে পারি। একবিংশ শতাব্দীতে আমরা যদি সত্যিই প্রগতিশীল হতে চাই, তবে কন্যাসন্তানকে বোঝা হিসেবে দেখার পুরনো ধ্যানধারণা এখনই ত্যাগ করতে হবে।

উপসংহার: কন্যা সন্তানকে বোঝা নয়; সে সমান অধিকার, মর্যাদা ও সুরক্ষার অধিকারী। আমাদের দায়িত্ব হলো এই বার্তা সমাজের প্রতিটি স্তরে পৌঁছে দেওয়া, যাতে নতুন প্রজন্ম সমতার সঙ্গে বড় হয় এবং নারী-পুরুষের মধ্যে বৈষম্য চিরতরে দূর হয়।

# দুশ্চিন্তা, হতাশা দূর হবে হাদিসে বর্ণিত এই চার দোয়ায়

মাহমুদ হাসান ফাহিম

মানসিক অশান্তি থাকলে কোনো কাজেই মন বসে না। সারাক্ষণ অস্থিরতা বিরাজ করে। কাজে স্থিরতা আসার পূর্বশর্ত হলো মানসিক শান্তি। কোরআন-সুন্নাহয় এই অশান্তি বা অস্থিরতা ভাব দূর করার অনেক দোয়া রয়েছে। এর মধ্যে কয়েকটি উল্লেখ করা হলো। ১. 'আল্লাহুম্মা রাহমাতাকা আরজু, ফালা তাকিলনি ইলা নাফসি তারফাতা আইন, ওয়া আসলিহ লি শানি কুল্লাহু, লা ইলাহা ইল্লাহ আনতা।' অর্থ: 'হে আল্লাহ, আমি আপনার কাছে রহমত (মনের প্রশান্তি) চাই। আপনি এক মুহূর্তও আমাকে নফসের ওপর ছেড়ে দিয়েন না। বরং আপনিই আমার সমস্ত বিষয় ঠিক করে দিন। আপনি ছাড়া (মনের অস্থিরতা ও বিপদ থেকে রক্ষাকারী) কোনো ইলাহ নেই।' ২. 'লা ইলাহা ইল্লাল্লাহুল আজিমুল হালিম, লা ইলাহা ইল্লাল্লাহু রাব্বুল আরশিল আজিম, লা ইলাহা ইল্লাল্লাহু রাব্বুস সামাওয়াতি ওয়া রাব্বুল আরদি ওয়া রাব্বুল আরশিল কারিম।' অর্থ: 'মহান, সহনশীল আল্লাহ ব্যতীত কোনো ইলাহ নেই। আরশের অধিপতি, মহান আল্লাহ ব্যতীত কোনো ইলাহ নেই। আসমান ও জমিনের রব এবং সম্মানিত আরশের রব আল্লাহ ব্যতীত কোনো ইলাহ নেই। 'আল্লাহুম্মা ইন্নি আউজুবিকা মিনাল হাম্মি ওয়াল হাজান, ওয়াল আজযি ওয়াল কাসাল, ওয়াল বুখলি ওয়াল জুবন, ওয়া জিলাইদ্দাইনি ওয়া গালাবাতির রিজাল।' অর্থ: 'হে আল্লাহ, আমি দুশ্চিন্তা ও পেরেশান থেকে, অক্ষমতা ও অলসতা থেকে, কৃপণতা ও ভীরুতা থেকে, ঋণভার ও লোকজনের প্রাধান্য থেকে আপনার কাছে পানাহ চাই।' ৪. 'আল্লাহু, আল্লাহু রাব্বি; লা উশরিকু বিহি শাইআ।' অর্থ: 'হে আল্লাহ, আপনি আমার প্রভু, আল্লাহ। আমি আপনার সঙ্গে কাউকে শরিক করি না।' সুতরাং মুমিন মুসলমানের উচিত, কোনো কারণে মনে অস্থিরতা সৃষ্টি হলে উল্লিখিত দোয়াগুলো পড়া। এতে মনের অস্থিরতা ও পেরেশান দূর হবে ইনশা আল্লাহ।

কিছু সদস্য আগে আয়োজনের প্রস্তাব দিয়েছেন। ঐকমত্য কমিশন আদেশের প্রথম খসড়া অনুযায়ী, আগামী সংসদের সংবিধান সংস্কার পরিষদ ২৭০ দিনের মধ্যে কাজ শেষ না করলে খসড়া বিল স্বয়ংক্রিয়ভাবে পাস বলে গণ্য হবে। তবে কয়েকজন উপদেষ্টা দ্বিতীয় খসড়া গ্রহণের প্রস্তাব দিয়েছেন, যেখানে সংস্কারগুলো নির্দেশনামূলক রাখা হয়েছে। বিএনপি আদেশ জারির বিরোধিতা করছে। জামায়াতে ইসলামী ও এনসিপি প্রথম খসড়ার পক্ষে থেকে বাধ্যতামূলক সংস্কারের দাবি জানিয়েছে। একাধিক উপদেষ্টা জানান, এসব বিষয়ে এখনো ঐকমত্য হয়নি। এক সপ্তাহে সমঝোতা না হলে সরকার নিজ সিদ্ধান্ত নেবে। প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সভাপতিত্বে সোমবারের বৈঠকে সিদ্ধান্ত হয়, সরকার রাজনৈতিক দলগুলোর বিরোধে মধ্যস্থতা করবে না। দলগুলো নিজেরা আলোচনার মাধ্যমে সমঝোতার পথ বের করবে। একজন উপদেষ্টা বলেন, "সব দলই সংস্কারের পক্ষে, কিন্তু পারস্পরিক অবিশ্বাস ও রাজনৈতিক জেদের কারণে সমঝোতা হচ্ছে না।"

## চুয়াডাঙ্গায় দুই প্রতিষ্ঠানে জরিমানা

(প্রথম পৃষ্টার পর)

একই অভিযানে অগ্নিনির্বাপক লাইসেন্স নবায়ন না করায় নূর এন্টারপ্রাইজ নামের একটি প্রতিষ্ঠানকে ১৫ হাজার টাকা জরিমানা করেছেন ভোক্তার সহকারী পরিচালক মোহাম্মদ মামুনুল হাসান। গতকাল মঙ্গলবার (৪ নভেম্বর) দুপুরে শহরের মাঝেরপাড়া ও সরকারি কলেজ সড়কে অভিযান পরিচালনা করা হয়।

সহকারী পরিচালক মোহাম্মদ মামুনুল হাসান জানান, অভিযানে নাসির আহাদ জোয়ার্দ্দারের ভোক্তাপ্রিয় 'গ্রীণফুড' বেকারির কারখানায় গিয়ে দেখা যায় যথাযথভাবে বেকারিপণ্য উৎপাদন ও সংরক্ষণ করা হচ্ছে না। এমনকি পণ্যের মোড়কীকরণেও মানা হয়নি নীতিমালা। এ কারণে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯-এর ৩৭ ও ৪৩ ধারায় ৫০ হাজার টাকা জরিমানা করা হয়েছে। অন্যদিকে, চুয়াডাঙ্গা সরকারি কলেজ সড়কে আবুল কাশেমের নূর এন্টারপ্রাইজে অভিযানকালে অগ্নিনির্বাপক লাইসেন্স নবায়ন না করার দায়ে একই আইনের ৫২ ধারায় ১৫ হাজার টাকা জরিমানা করা হয়। অভিযানে উপস্থিত ছিলেন পরিবেশ অধিদফতরের চুয়াডাঙ্গা জেলা কার্যালয়ের কেমিস্ট নরেশ চন্দ্র বিশ্বাস ও পৌর স্যানেটারি ইন্সপেক্টর নার্গিস জাহান।

## নিবন্ধন পেল এনসিপিসহ তিন দল

(প্রথম পৃষ্টার পর)

ওপর দাবি আপত্তি জানিয়ে পত্রিকায় বিজ্ঞপ্তি দেয়া হবে বলেও জানান ইসি সচিব। তিনি বলেন, ১২ নভেম্বর পর্যন্ত দাবি আপত্তি জানানো যাবে উল্লেখ করে নির্ধারিত সময় পরেই গেজেট হবে। ইসি সচিব আরও বলেন, নিবন্ধনের লাইনে থাকা ৮টি রাজনৈতিক দল শেষ পর্যন্ত কোয়ালিফাই করেনি। এছাড়া রাজনৈতিক দল নেজামে ইসলাম পার্টির বিষয়ে উচ্চ আদালতের আদেশের পর সিদ্ধান্ত নেয়া হবে। আর ৩টি দলের বিষয়ে অধিকতর তদন্ত করে কমিশন মনে করেছে তারা নিবন্ধন পাবে না।

## চুয়াডাঙ্গায় বিএনপির দুই প্রার্থী চূড়ান্ত

(প্রথম পৃষ্টার পর)

খান বাবু। সোমবার বিকেলে গুলশানের চেয়ারপারসনের কার্যালয়ে অনুষ্ঠিত বিএনপির স্থায়ী কমিটির বৈঠকে এই সিদ্ধান্ত নেওয়া হয়। বৈঠকে সভাপতিত্ব করেন দলের ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান। পরে মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর সংবাদ সম্মেলনের মাধ্যমে প্রার্থীদের আনুষ্ঠানিকভাবে ঘোষণা করেন। দলের সূত্র জানায়, তৃণমূলের মতামত, সাংগঠনিক অবস্থান, নেতৃত্বের গ্রহণযোগ্যতা ও নির্বাচনী মাঠের সক্রিয়তা বিবেচনায় এই দুই নেতা মনোনয়ন পেয়েছেন। খবরটি ছড়িয়ে পড়ার পর চুয়াডাঙ্গা জেলাজুড়ে বিএনপি ও অঙ্গসংগঠনের নেতাকর্মীদের মধ্যে আনন্দ-উচ্ছ্বাস দেখা গেছে।

## আজ সাংবাদিক সৈকত রুশদীর

(প্রথম পৃষ্টার পর)

সাংবাদিকতা পেশায় তাঁর যাত্রা শুরু হয় ১৯৭৮ সালে সাপ্তাহিক বিচিত্রা-তে প্রদায়ক হিসেবে। ১৯৯২ সাল পর্যন্ত তিনি দৈনিক দেশ, দৈনিক খবর ও দ্য বাংলাদেশ টাইমসসহ তিনটি জাতীয় দৈনিক এবং বিচিত্রা, মতামত ও কলকাতার দেশ সাপ্তাহিকীতে কাজ করেছেন। বাংলাদেশে কানাডা, অস্ট্রেলিয়া ও ব্রিটেনের দূতাবাসে তিনি রাজনৈতিক বিশ্লেষক ও জনবিষয়ক কর্মকর্তা হিসেবে এগারো বছর (১৯৯২-২০০৩) দায়িত্ব পালন করেন। পরবর্তীতে কানাডার আন্তর্জাতিক গণমাধ্যম পর্যবেক্ষণ প্রতিষ্ঠান সিশন-এ মূল্যায়ন সম্পাদক ও গণমাধ্যম বিশ্লেষক হিসেবে প্রায় ১৫ বছর দায়িত্ব পালনের পর অবসর গ্রহণ করেন। সৈকত রুশদী ছিলেন জাতীয় প্রেস ক্লাবের নির্বাচিত যুগ্ম সম্পাদক (১৯৯১-১৯৯২)। তিনি বিবিসি ছাড়াও বাংলাদেশ বেতার, বাংলাদেশ টেলিভিশন, ভয়েস অব আমেরিকা, চ্যানেল আই, এটিএন কানাডা ও এক্সএম স্যাটেলাইট রেডিওসহ বিভিন্ন গণমাধ্যমে সাংবাদিক, সম্প্রচারক ও বিশ্লেষক হিসেবে কাজ করেছেন। বর্তমানে তিনি যুক্তরাষ্ট্রের টাইম টিভিসহ কয়েকটি অনলাইন চ্যানেলে রাজনৈতিক বিশ্লেষণ করছেন। তাঁর প্রকাশিত গ্রন্থের মধ্যে রয়েছেড় অমর একুশে (ভাষা আন্দোলন সংকলন, লন্ডন, ১৯৮৪), হল্ট গ্রিনহাউজ (পরিবেশ বিষয়ক সংকলন, ঢাকা, ১৯৯১; সহসম্পাদক বিকাশ চৌধুরী বড়ুয়া) ও অচিন পাখি (উপন্যাস, ঢাকা, ২০০২ ও ২০২০)। তিনি লন্ডনের বাংলাদেশ সেন্টারে ১৯৮৪ সালে নির্মিত শহীদ মিনারের কাঠের নকশারও নির্মাতা। বর্তমানে সৈকত রুশদী স্ত্রী গণমাধ্যম বিশ্লেষক ও কবি শিউলী জাহান রুশদী হক এবং একমাত্র কন্যা পরিবেশ বিজ্ঞানী উপল রুশদী হককে নিয়ে কানাডার টরন্টোতে বসবাস করছেন।

## মুজিবনগরে দরিদ্র পরিবারের পাশে

(প্রথম পৃষ্টার পর)

কোন ব্যবস্থা না থাকায় তারা চরম দুর্ভোগে ছিলেন। অবশেষে জামায়াতের উদ্যোগে সেখানে টিউবওয়েল স্থাপন করায় পরিবারটির মুখে হাসি ফুটেছে। টিউবওয়েল হস্তান্তর অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মেহেরপুর জেলা জামায়াতের আমির ও মেহেরপুর-১ আসনের এমপি প্রার্থী মাওলানা তাজউদ্দীন খান। এ সময় উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা জামায়াতের আমির মাওলানা খান জাহান আলী, জেলা বায়তুল মাল সেক্রেটারি জারজিস হোসাইন, উপজেলা সেক্রেটারি খাইরুল বাসার, উপজেলা শ্রমিক কল্যাণ সভাপতি ফজলুল হক গাজী ও স্থানীয় নেতা ইউসুফ আলী। অন্যদিকে, মঙ্গলবার সন্ধ্যায় মোনাখালী ইউনিয়নের রশিকপুর গ্রামে জামায়াতে ইসলামীর উদ্যোগে গণসংযোগ ও পথসভা অনুষ্ঠিত হয়। ইউনিয়ন আমির মাওলানা মোখলেসুর রহমানের সভাপতিত্বে আয়োজিত পথসভায় প্রধান অতিথি ছিলেন জেলা আমির মাওলানা তাজউদ্দীন খান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা ইসলামী সেক্রেটারি ইকবাল হুসাইন, জেলা বায়তুল মাল সেক্রেটারি জারজিস হোসাইন, জেলা শ্রমিক কল্যাণ ফেডারেশনের সভাপতি আব্দুর রউফ মুকুল, মুজিবনগর উপজেলা আমির খান জাহান আলী, উপজেলা সেক্রেটারি খাইরুল বাসারসহ স্থানীয় নেতাকর্মীরা।

## আমঝুপিতে ধানের শীষের পক্ষে পথসভা

(প্রথম পৃষ্টার পর)

প্রতিফলন।" অনুষ্ঠানে বিএনপির জাতীয় নির্বাহী কমিটির সদস্য ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুনের প্রতি পূর্ণ সমর্থন জানান স্থানীয় নেতাকর্মীরা। এ সময় উপস্থিত ছিলেন বিএনপি নেতা ও সমাজসেবক শফিকুল ইসলাম, শিক্ষক সমিতির সদর উপজেলা সভাপতি ফয়জুল কবির, মেম্বার তৌফিকুল ইসলাম, মেম্বার পিন্টু, মেম্বার আরিফ, সদর উপজেলা ছাত্রদলের সদস্য সচিব শেখ রাব্বি প্রমুখ।

পথসভায় বিএনপি ও অঙ্গসংগঠনের বিভিন্ন স্তরের নেতা-কর্মীরা অংশ নেন।

## সাইফুল হক

(প্রথম পৃষ্টার পর)

লক্ষ্যে ৩১ দফা সুপারিশ তুলে দেন। সাইফুল হক বলেন, "আগামী নির্বাচন সুষ্ঠু ও গ্রহণযোগ্য করতে হলে টাকার প্রভাব বন্ধ করতে হবে। অনেকে নির্বাচনে টাকাকে বিনিয়োগ হিসেবে দেখছেনড়এই প্রবণতা রোধ না করা গেলে নির্বাচন প্রশ্নবিদ্ধ হবে। কালো টাকার খেলা বন্ধ না হলে সংসদ ধনীদের ক্লাবে পরিণত হবে।" সংসদ নির্বাচনে জামানত ২০ হাজার থেকে বাড়িয়ে ৫০ হাজার টাকা করার সিদ্ধান্তের সমালোচনা করে তিনি বলেন, "এটা দেশের বাস্তবতার সঙ্গে সঙ্গতিপূর্ণ নয়। ব্যয়সীমা ৫০ লাখ টাকা করা হয়েছে, যা ধনীদের জন্য সুযোগ তৈরি করবে।" এক প্রশ্নের জবাবে সাইফুল হক বলেন, নিবন্ধিত রাজনৈতিক দলগুলোর উচিত নিজেদের প্রতীকে নির্বাচন করা। তবে নতুন বিধান (জোট করলেও ভোট নিজ প্রতীকে) এখন নয়, পরবর্তী নির্বাচনে কার্যকর করা যেতে পারে। বিপ্লবী ওয়ার্কার্স পার্টির দেওয়া ৩১ দফা সুপারিশের মধ্যে উল্লেখযোগ্য হলোড়নির্বাচন সংশ্লিষ্ট মন্ত্রণালয়গুলোর কার্যকর দায়িত্ব নির্বাচন কমিশনের হাতে ন্যস্ত রাখা, ভোটকেন্দ্রে গোপন কক্ষ ছাড়া পুরো এলাকায় সিসিটিভি স্থাপন, এবং দলীয় মনোনয়ন ফরমের মূল্য ৫ হাজার টাকার বেশি না রাখা।

## কেন্দ্রীয় মনোনয়ন প্রত্যাখ্যান করে

(প্রথম পৃষ্টার পর)

কেন্দ্র থেকে ঘোষিত মনোনয়নের পর থেকেই গাংনী উপজেলা ও পৌর বিএনপির সমর্থিত নেতাকর্মীরা শান্তিপূর্ণ বিক্ষোভ ও সমাবেশ কর্মসূচি পালন করেন। তারা মনোনয়ন পরিবর্তন করে জেলা বিএনপির সভাপতি জাবেদ মাসুদ মিল্টনকে প্রার্থী করার দাবি তোলেন। মঙ্গলবার( ৪ নভেম্বর) সন্ধ্যা সাড়ে ৭ টার দিকে জেলা বিএনপির সভাপতি জাবেদ মাসুদ মিল্টনের মেহেরপুর জেলা বিএনপি কার্যালয়ে সংবাদ সম্মেলনে এ অভিযোগ আনেন নেতা-কর্মীরা। সেতা কর্মীরা আরো বলেন, গতকাল মঙ্গলবার (০৪ নভেম্বর) মনোনয়ন পরিবর্তনের দাবিতে দুপুরের দিকে গাংনী উপজেলা ও পৌর বিএনপি কার্যালয়ের সামনে সমাবেশ শুরু হওয়ার সময়ে নিকটবর্তী আমজাদ হোসেনের অফিস থেকে পাথর নিক্ষেপের অভিযোগ করেন। এতে উভয়পক্ষের মাঝে ধাওয়া-পাল্টা ধাওয়া ও উত্তেজনা ছড়িয়ে পড়ে। পরে সিনিয়র নেতাদের হস্তক্ষেপে পরিস্থিতি কিছুটা নিয়ন্ত্রণে আসে এবং বিক্ষোভ সমাবেশ আনুষ্ঠানিকভাবে শুরু হয়ে দুপুর ১২টার দিকে শেষ হয়। সমাবেশ শেষ হওয়ার কিছুক্ষণ পর ধানের শীষ প্রতীকের ঘোষিত প্রার্থী আমজাদ হোসেনের নেতৃত্বে উপজেলা ও পৌর বিএনপির অফিসে তালা ভেঙে অফিসের আসবাবপত্র ভাংচুর ও শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান ও ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের ছবিতে অগ্নিসংযোগের অভিযোগ করেন উপজেলা বিএনপি নেতারা। এই ঘটনার জন্য আমজাদ হোসেনকে দায়ী করে গাংনী উপজেলা বিএনপির পক্ষ থেকে তীব্র নিন্দা ও প্রতিবাদ জানানো হয়। লিখিত বক্তব্য পাঠ করেন গাংনী উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক আব্দুল আউয়াল। এ সময় উপস্থিত ছিলেন উপজেলা বিএনপির সভাপতি আলফাজ উদ্দিন কালু,পৌর বিএনপির সভাপতি মকবুল হোসেন মেঘলা, সাধারণ সম্পাদক সাইদুল ইসলাম, সাংগঠনিক সম্পাদক এডাম সুমন, ইমন হোসেন, জেলা ছাত্রদলের সাধারণ সম্পাদক সাজেদুর রহমান বিপ্লব, পৌর যুবদলের সদস্য সচিব এনামুল হক, যুবনেতা গাফফার আলী প্রমুখ।

# নাসীরুদ্দীন-জারার নেতৃত্বে এনসিপির নির্বাচন পরিচালনা কমিটি

সূর্যোদয় প্রতিবেদন

জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) ২০২৬ সালের জাতীয় নির্বাচনে অংশগ্রহণের প্রস্তুতি হিসেবে একটি ১০ সদস্যবিশিষ্ট নির্বাচন পরিচালনা কমিটি ঘোষণা করেছে। দলের মুখ্য সমন্বয়ক নাসীরুদ্দীন পাটওয়ারী কমিটির প্রধান এবং সিনিয়র যুগ্ম সদস্যসচিব ডা. তাসনিম জারা কমিটির সেক্রেটারি হিসেবে দায়িত্ব পালন করবেন। সোমবার দিবাগত রাত ৪টার দিকে দলের আহ্বায়ক নাহিদ ইসলাম ও সদস্যসচিব আখতার হোসেন স্বাক্ষরিত সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। নির্বাচন পরিচালনা কমিটির অন্যান্য সদস্যরা হলেন: সিনিয়র যুগ্ম আহ্বায়ক আরিফুল ইসলাম আদীব, যুগ্ম আহ্বায়ক মাহবুব আলম মাহি, খালেদ সাইফুল্লাহ, এহতেশাম হক, যুগ্ম সদস্যসচিব অ্যাডভোকেট আব্দুল্লাহ আল আমিন, আলাউদ্দীন মোহাম্মদ, অ্যাডভোকেট জহিরুল ইসলাম মুসা, অ্যাডভোকেট হুমায়রা নূও, যুগ্ম মুখ্য সংগঠক (উত্তরাঞ্চল) সাইফুল্লাহ হায়দার, যুগ্ম মুখ্য সমন্বয়ক ও জাতীয় যুবশক্তির আহ্বায়ক অ্যাডভোকেট মো. তারিকুল ইসলাম। বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, এই কমিটি সার্বিক প্রস্তুতি ও পরিকল্পনা, প্রার্থী বাছাই, মাঠপর্যায়ের সমন্বয়, আইনি ও প্রশাসনিক কার্যক্রম, মিডিয়া ও প্রচারণা, প্রশিক্ষণ ও মনিটরিং ইত্যাদি কাজের দায়িত্ব পালন করবে। এটি এনসিপির জাতীয় নির্বাচনে অংশগ্রহণের প্রস্তুতির একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ হিসেবে বিবেচিত হচ্ছে।

# "যারা বাংলাদেশ চায়নি, তারা শাসনভার চায়" মির্জা আব্বাস

সূর্যোদয় প্রতিবেদন

বিএনপির স্থায়ী কমিটির সদস্য মির্জা আব্বাস বলেছেন, যারা কখনো বাংলাদেশের স্বীকৃতি স্বীকার করেনি, তারা আজ দেশের শাসনভার দখল করতে চায়। মঙ্গলবার (৪ নভেম্বর) রাজধানীর নয়াপল্টনে সাবেক মেয়র সাদেক হোসেন খোকার ষষ্ঠ মৃত্যুবার্ষিকী উপলক্ষে আয়োজিত দোয়া মাহফিল ও আলোচনা সভায় এই মন্তব্য করেন তিনি। মির্জা আব্বাস বলেন, "যারা এই বাংলাদেশকেই চায়নি, তারা বাংলাদেশের শাসনভার চায়। আমি বুঝি না, যারা ১৯৪৭ সালে পাকিস্তানের বিরোধিতা করেছে, ১৯৭১ সালে বাংলাদেশের বিরোধিতা করেছে, ১৯৯৬ সালে এবং বিভিন্ন সময়ে দেশের জনগণের স্বার্থের বিরুদ্ধে কথা বলেছে, তারা আজ লম্বা লম্বা কথা বলছে।" তিনি অভিযোগ করেন, বর্তমান সময়ে কিছু নেতা ধর্মের দোহাই দিয়ে জাতিকে বিভক্ত করার চেষ্টা করছে এবং জনগণের মধ্যে বিভাজন তৈরি করে রাজনৈতিক সুবিধা লুটতে চায়। তিনি আরও বলেন, ওই শ্রেণিটি 'আওয়ামী ফ্যাসিস্ট বাহিনীকে' পুনর্বাসিত করতে চায়, যারা অতীতে দেশের ক্ষতি করেছে। তিনি দৃঢ়ভাবে আশ্বাস দেন, বাংলাদেশের মানুষ এবং বিএনপি কখনো এটিকে হতে দেবে না। মির্জা আব্বাস দাবি করেন, কিছু রাজনৈতিক দল তাদের ভোটদাতাদের বিভ্রান্ত করার চেষ্টা করছে। তবে তার মতে, আওয়ামী লীগের ভোটগুলো দেশপ্রেমিক দলকেই যাবে এবং তারা অন্য কাউকে ভোট দেবে না। দোয়া মাহফিল ও আলোচনা সভায় মির্জা আব্বাস দেশের স্বাধীনতা ও জাতীয় স্বার্থ রক্ষার গুরুত্বও তুলে ধরেন। তিনি জানান, বিএনপি সবসময় দেশপ্রেমিক অবস্থান থেকে দেশের জনগণের স্বার্থ রক্ষা করবে এবং যারা জাতিকে বিভক্ত করতে চায় তাদেরকে কোনোভাবেই সফল হতে দেওয়া হবে না। তিনি বক্তৃতায় পুনরায় সতর্ক করে বলেন, "জাতির স্বার্থ ও ঐক্য রক্ষায় সকল রাজনৈতিক দলকে দায়িত্বশীল হতে হবে। আমরা কখনো জনগণের আস্থা ভঙ্গ করতে দেব না।" মির্জা আব্বাসের এই মন্তব্যে দেশের রাজনৈতিক পরিবেশে স্বচ্ছন্দ ও সতর্কবার্তা উভয়ই প্রতিফলিত হয়েছে। এভাবে সাবেক মেয়র সাদেক হোসেন খোকার প্রতি শ্রদ্ধা জানানো ও দেশের বর্তমান রাজনৈতিক প্রেক্ষাপটে সতর্ক বার্তা প্রদানের মধ্য দিয়ে মাহফিলটি শেষ হয়।"

# সেঞ্চুরি করে মুশফিকের 'খ্যাপাটে' উদযাপন

সূর্যোদয় প্রতিবেদন

জাতীয় ক্রিকেট লিগের (এনসিএল) চলমান ম্যাচে সিলেট বিভাগ ও ঢাকা বিভাগের মধ্যকার তৃতীয় দিনের খেলা শেষে ৯৩ রানে অপরাজিত ছিলেন অভিজ্ঞ ব্যাটার মুশফিকুর রহিম। ৪ নভেম্বর সকালে খেলতে নেমে তিনি কাঙ্ক্ষিত শতরানের মাইলফলক স্পর্শ করেন। তবে মুশফিকের সেঞ্চুরি উদযাপন এইবারও আলাদা এবং চোখে পড়ার মতো ছিল। এদিন বোলার এনামুল হকের বলে বাউন্ডারি হাঁকানোর পর মুষ্টিবদ্ধ হাত দেখিয়ে হুঙ্কার ছুড়লেন মুশফিক। সঙ্গে কিছুক্ষণ আগুনে দৃষ্টিতে বোলাদের দিকে তাকিয়ে ছিলেন তিনি। মুশফিকের এই খ্যাপাটে উদযাপন আগেও দেখা গেছে, এবার জাতীয় লিগে তার এমন উদযাপন ক্রিকেটপ্রেমীদের নজর কাড়ে। ঘরের মাঠে আসন্ন আয়ারল্যান্ডের বিপক্ষে টেস্ট সিরিজের আগে জাতীয় লিগে প্রস্তুতি নিচ্ছেন মুশফিক। সব ঠিক থাকলে তিনি বাংলাদেশের প্রথম ক্রিকেটার হিসেবে শততম টেস্টের মাইলফলক স্পর্শ করবেন।

গতকাল (৩ নভেম্বর) দিন শেষে সিলেট ৭ উইকেটে ২৬০ রান তুলেছিল। ৩ উইকেট হাতে নিয়ে ৫০ রানে পিছিয়ে ছিল মুশফিকরা। প্রথম ইনিংসে ঢাকা বিভাগ সব উইকেট হারিয়ে ৩১০ রান করেছিল। সিলেট আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়ামের একাডেমি মাঠে আজ সকালে খেলতে নেমে মুশফিকরা চ্যালেঞ্জের মুখে পড়েন। দিনের দ্বিতীয় ওভারে আউট হন এবাদত হোসেন। এক ওভার পর সাজঘরে ফেরেন দশে নামা খালেদ আহমেদ। মুশফিক তখনও ৯৬ রানে অপরাজিত ছিলেন, অন্য প্রান্তে শেষ ব্যাটার থাকলেও বেশি সময় নেননি। পেসার এনামুলের করা ওভারের দ্বিতীয় বলেই স্কুপ শটে বাউন্ডারি হাঁকান তিনি এবং সঙ্গে আগ্রাসী উদযাপন করেন। এর পেছনে সম্ভবত আগের দিনের বাউন্সার ও হেলমেটে আঘাতের প্রতিশোধের ইঙ্গিতও ছিল। শেষ পর্যন্ত অভিজ্ঞ ব্যাটার ১১৫ রানে আউট হলে সিলেটের ইনিংস শেষ হয় ২৯০ রানে, যা ঢাকা বিভাগের তুলনায় ২০ রানের লিড। মুশফিকের ইনিংসে ছিল ৮ চার ও ২ ছক্কা, মোট ২০৫ বলে। তার সেঞ্চুরি ও খ্যাপাটে উদযাপন ম্যাচে নতুন উদ্দীপনা যোগ করেছে।